

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd


স্মারক নং : ৩৪.০১.০০০০.০৩৬.৩৮.০০১.১২ (অংশ-১)- ১৩

তারিখ : ০১/০২/২০১৬খ্রিঃ

বিষয় : যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ” শীর্ষক প্রকল্পের গত ১৯/১০/২০১৫ খ্রিঃ তারিখের প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৯/১০/২০১৫খ্রিঃ তারিখ আই,এম,ইডি এর সহকারী পরিচালক, জনাব পলি কর বান্দরবান জেলার সদর উপজেলার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শন কালে তিনি যে সমস্ত সুপারিশমালা প্রস্তাব করেছেন তা যথাযথ ভাবে ভবিষ্যতে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে নির্দেশ প্রদান করা হলো।

- ০১। প্রশিক্ষণ উপকরণ প্রস্তুত প্রক্রিয়ায় প্রশিক্ষণার্থীদের স্বাস্থ্যগত নিরাপত্তার বিষয়টি গুরুত্ব প্রদান করতে হবে(বিশেষ করে মোমবাতি তৈরী, রং ও ক্যামিকেল বিষয়ে যত্নবান হতে হবে)।
- ০২। প্রশিক্ষণের সময় যখন ব্যবহারিক ক্লাসসহ প্রশিক্ষণ করা হবে তখন অবশ্যই বড় জায়গার সংকুলান থাকার বিষয়টি বিবেনায় আনতে হবে।
- ০৩। প্রশিক্ষণ ক্লাসে স্থানীয়ভাবে অভিজ্ঞতা সম্পন্ন একাধিক রিসোর্স পারসন দ্বারা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য সচেষ্টি হতে হবে। প্রয়োজনে স্থানীয় ভাবে রিসোর্স পারসনের তালিকা দপ্তরে সংরক্ষণ করতে হবে।
- ০৪। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের আত্মকর্মে নিয়োজিত হওয়ার ক্ষেত্রে সকল ধরনের পৃষ্ঠপোষকতা/সহায়তা করতে হবে।
- ০৫। প্রকল্পধারীদের প্রকল্প ঋণের অর্থ সংকুলন না হলে অধিদপ্তরের বিদ্যমান রাজস্ব খাতের ঋণ প্রদানে সহায়তা করতে হবে এবং যে সমস্ত আর্থিক প্রতিষ্ঠানের সাথে অধিদপ্তরের চুক্তিবদ্ধ আছে সে সমস্ত প্রতিষ্ঠানেও ঋণ প্রদানের সহায়তা দেয়া যেতে পারে।


০১/০২/২০১৬

(এ,এইচ,এম,সামসুজ্জামান)

প্রকল্প পরিচালক(উপ-সচিব)

“কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা

পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প”

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৭১২০৬৬০

প্রাপক,

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল),

-----উপজেলা

-----জেলা।

অনুলিপিঃ

০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা(তাকে প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং জোরদার করতে উপরোক্ত সুপারিশসমূহ বিবেচনায় রেখে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো)।

০২। উপ-পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(আপনাকে পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। অফিস কপি।